

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৯০০

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - মু'জিযার বর্ণনা

الفصل الاول (باب في المعجزا)

আরবী

وَعَن جَابِر قا لَ: قَدِمَ النَّبِيُّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ سَفَرٍ فَلَمَّا كَانَ قُرْبَ الْمَدِينَةِ هَاجَتْ رِيحٌ تَكَادُ أَنْ تَدْفِنَ الرَّاكِبَ فَقَالَ رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «بُعِثَتْ هَذِهِ الرَّيحُ لِمَوْتِ مُنَافِقٍ» . فَقَدِمَ الْمَدِينَةَ فَإِذَا عَظِيمٌ مِنَ الْمُنَافِقين قد مَاتَ. رَوَاهُ مُسلم

رواه مسلم (15 / 2782)، (7041) ـ (صَحِيح)

বাংলা

কেরলেন। তিনি মদীনার কাছাকাছি হতেই এমন প্রবলভাবে ধূলিঝড় প্রবাহিত হলো যে, আরোহীকে পুঁতে ফেলার উপক্রম হলো। তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, কোন এক বড় মুনাফিকের মৃত্যুতেই এ ঝড় প্রবাহিত করা হয়েছে। অতঃপর মদীনার ভিতরে প্রবেশ করে জানতে পারলেন যে, মুনাফিকদের এক বড় নেতার মৃত্যু ঘটেছে। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ১৫-(২৭৮২), মুসনাদে আহমাদ ১৪৪১৮, মুসনাদে আবদ ইবনু হুমায়দ ১০২৯, আবূ ইয়া'লা ২৩০৭, সহীহ ইবনু হিব্বান ৬৫০০।

ব্যাখ্যা



ব্যাখ্যা: যে মুনাফিক মৃত্যুবরণ করেছিল তার নামের ব্যাপারে যেমন ঐতিহাসিকদের মাঝে মতানৈক্য আছে ঠিক কোন সফর থেকে আল্লাহর নবী (সা.) ফিরছিলেন তা নিয়েও মতানৈক্য আছে। কেউ কেউ বলেন, সেই মুনাফিকের নাম ছিল রিফা'আহ্ ইবনু দুরায়দ। আর সফর ছিল তাবুক যুদ্ধের সফর। আবার কেউ কেউ বলেন, সেই মুনাফিকের নাম ছিল রাফি'। আর সফর ছিল বানূ মুস্তালিক যুদ্ধের। (মিরকাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন